
AWARDED
Superbrands
BANGLADESH'S CHOICE
2023-24

# WALTON

# ব্যবহারবিধি/ওয়ারেন্টি কাড

## ওয়াশিং মেশিন




**মডেল: WWM-TWI80**

ধারণক্ষমতা: ৮ কেজি

# মুখবন্ধ

ওয়ালটন ওয়াশিং মেশিন কেনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ।

সহজ ও সাবলীল ভাষায় লেখা ব্যবহারবিধি আপনার ওয়াশিং মেশিনটি ভালোভাবে ব্যবহারের কাজে সর্বোত্তমভাবে সাহায্য করবে। ব্যবহারবিধিটির মধ্যে অনেক গুরুত্বপূর্ণ তথ্য এবং ওয়াশারটি কিভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে তা সরল ভাষায় লেখা আছে। এছাড়াও সাধারণ সমস্যাগুলো কিভাবে নিজে নিজে সমাধান করা যাবে সেসব তথ্যাবলি দেওয়া আছে। মডেল এবং সিরিয়াল নম্বরটি সংরক্ষণ করুন। নাম্বারগুলো ইউনিটের পিছনের অংশে দেওয়া আছে।

ওয়াশিং মেশিনটি ব্যবহারের পূর্বে নির্দেশনাগুলো সতর্কতার সাথে পড়ুন এবং ভবিষ্যতে কাজের সুবিধার্থে ব্যবহারবিধিটি যত্নসহকারে সংরক্ষণ করুন।

# সূচিপত্র


১. প্রধান বৈশিষ্ট্য ---------------------------------------- ১

২. যন্ত্রাংশের বর্ণনা ---------------------------------------- ১

৩. সাবধানতা ---------------------------------------- ২-৩

৪. ইনস্টলেশন এবং অ্যাডজাস্টমেন্ট ---------------------------------------- ৪

৫. ড্রেন হোস ব্যবহার ---------------------------------------- ৫

৬. ওয়াটার ইনলেট ইন্সটলেশন ---------------------------------------- ৬-৭

৭. কন্ট্রোল প্যানেল এবং ফিচার ---------------------------------------- ৮-১০

৮. কার্যপ্রণালি ---------------------------------------- ১১-১৩

৯. রক্ষণাবেক্ষণ ---------------------------------------- ১৪

১০. সমস্যা চিহ্নিতকরণ ---------------------------------------- ১৫

১১. ট্রাবলশ্যুটিং ---------------------------------------- ১৬

১২. ডিটারজেন্ট এবং পানির পরিমাণ ---------------------------------------- ১৬

১৩. স্পেসিফিকেশন ---------------------------------------- ১৭


১৪. সেফটি অ্যালার্ম ---------------------------------------- ১৭

১৫. ওয়ারেন্টির শর্তসমূহ ---------------------------------------- ১৮




## প্রধান বৈশিষ্ট্য

১. ফাজি লজিক
২. চাইল্ড লক
৩. মেমোরি ব্যাকআপ
৪. লেফট টাইম ডিসপ্লে
৫. দ্রুত পরিষ্কার
৬. টাচ কন্ট্রোল প্যানেল
৭. সেলফ ডায়াগনস্টিক
৮. অটো অফ
৯. ইনভার্টার মোটর
১০. অটোমেটিক ইমব্যালেন্স কারেকশন




## যন্ত্রাংশের বর্ণনা








**আনুষঙ্গিক উপকরণঃ**

| ইন্সট্রাকশন ম্যানুয়াল | ড্রেইন হোস | ওয়াটার সাপ্লাই হোস | বটম কভার | স্ক্রু |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |


| | |
|---|---|
| সাবধান!  | এই চিহ্নটির মানে 'বিপজ্জনক'। এটি ওয়াশিং মেশিন ও ব্যবহারকারীর নিরাপত্তার জন্য। দয়া করে ওয়াশিং মেশিনটি নির্দেশনামতো পরিচালনা করুন, তা না হলে এটির ক্ষতি হতে পারে। |
| নিষিদ্ধ  | এই চিহ্নটির অর্থ নিষিদ্ধ অথবা ওয়াশিং মেশিনটির ক্ষতি করবে। |

| | |
|---|---|
| সংযোগ দেওয়ার আগে নিশ্চিত হয়ে নিন আপনার বিদ্যুৎ লাইনে সঠিক আর্থ-কানেকশন আছে কি না। সকেটটি হতে হবে উন্নত মানের এবং ২২০ ভোল্টেজ এসি, ৫০ হার্জের ৩ পিনের বিএস প্লাগ। ফিউজ ও সার্কিটব্রেকার (pf6A/16A) সহ আলাদা লাইনে বিদ্যুৎ সংযোগ নিন।   | প্লাগ খোলা ও পানির কল বন্ধ করার আগে বিদ্যুৎসংযোগ বন্ধ করে নিন।  |
| খেয়াল রাখুন, বৈদ্যুতিক তার যেন বেশি মুচড়ে না যায় বা সুতার মতো জড়িয়ে না যায়। তার ও সকেট কোনোভাবে ক্ষতিগ্রস্ত হলে ওয়ালটনের অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।  | |

| | |
|---|---|
| ওয়াশিং মেশিনটি স্যাঁতসেঁতে জায়গা বা বাথরুমে রাখবেন না। মেশিনটি কখনো পানিতে ওয়াশ করবেন না। এর কন্ট্রোল প্যানেলের ওপর ভেজা কাপড় রাখবেন না।  | ৬৫ ডিগ্রি সেলসিয়াসের ওপর গরম পানি ব্যবহার করবেন না।  |
| কার্পেটে রাখার সময় খেয়াল রাখুন, এর ছিদ্রগুলো যাতে বন্ধ হয়ে না যায়।   | ঝাঁকুনি প্রতিরোধের জন্য রেইনকোট, সাইকেল কভার ইত্যাদি ধোবেন না।  |
| সঠিক আর্থিং করা ছাড়া জাংশন বক্স ব্যবহার করবেন না। জোড়া দিয়ে বাড়তি তার ব্যবহার করবেন না। |  |

# সাবধানতা

ওয়াশিং অথবা স্পিনিং প্রসেস চলার সময় কখনো ওয়াশ লিড খুলবেন না। ওয়াটার টাবে হাত রাখবেন না।




নিজে নিজে ওয়াশার মেরামত করবেন না। কোনো সমস্যা দেখা দিলে ওয়ালটন সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।




ওয়াশারের ওপর কোনো গরম বা ভারী জিনিস রাখবেন না।




পেট্রল, অ্যালকালাইন বা অন্য কোনো অর্গানিক সলভেন্টে ভেজা কাপড় দিয়ে ওয়াশ করবেন না।



মেশিনের আশেপাশে শিশুদের খেলতে নিষেধ করুন।



সরাসরি সূর্যের আলো, বৃষ্টির পানি ও তাপ থেকে মেশিনটি দূরে রাখুন।



১. প্রতি ৫ বার ওয়াশের পর ম্যাজিক ফিল্টারটি পরিষ্কার করুন।
২. ফিল্টারটি বের করার আগে সকেট থেকে প্লাগ খুলে নিন।
৩. টাব থেকে পানি সরিয়ে ফেলুন।
৪. ছবির নির্দেশনামতো ফিল্টারটি খুলে পরিষ্কার করুন।
৫. পরিষ্কার হয়ে গেলে আবার ফিল্টারটি সংযোজন করুন।



ওয়াশিং মেশিনে ঢোকানোর আগে পোশাকের পকেট খালি আছে কি না তা নিশ্চিত হয়ে নিন। যেমন: কোনো কয়েন, কলম, টুথপিক, দেয়াশলাইয়ের কাঠি ইত্যাদি থাকলে তা বের করে নিন। এগুলো আপনার মেশিন ও কাপড়ের ক্ষতি করবে।





পানির কল ও ইনলেট খোলা আছে কি না নিশ্চিত হয়ে নিন

- সঠিক ও নিয়মিতভাবে পানি সরবরাহ করুন।
- ডিটারজেন্টের সঙ্গে কিছু সাবান ব্যবহার করা ভালো।
- নির্দেশিত মানসম্পন্ন ডিটারজেন্ট ব্যবহার করুন।


# ইনস্টলেশন এবং অ্যাডজাস্টমেন্ট

১. ওয়াশিং মেশিনটি ঢালু ও অসমান জায়গায় সেট করবেন না।
২. সমান্তরাল ও সলিড মেঝেতে সেট করুন। চালু থাকাকালীন যেন মেশিন না কাঁপে সেদিকে খেয়াল রাখুন।






মেশিনটি দেওয়াল থেকে সব দিকে কমপক্ষে ১০ সেন্টিমিটার দূরে রাখুন।



মেশিন চালানোর আগে ড্রেন হোসটি মেঝেতে পেতে রাখুন।



- পাওয়ার কর্ড নষ্ট হয়ে গেলে অবশ্যই অনুমোদিত সেবাকর্মীকে দিয়ে পরিবর্তন করাবেন।
- কুশন ভারসাম্য অ্যাসেম্বলি কভারটি সরিয়ে ফেলুন।
- ট্রানজিট ব্র্যাকেট বদলান।

ওয়াশিং মেশিনে সরাসরি সকেট থেকে সংযোগ নিতে হবে। কাজ শেষে সব সময় মেশিনের সুইচ বন্ধ রাখুন।

**প্যাকেজ খোলা:**




- প্যাকেজটি খুলে ফেলুন এবং ওপরের ফোমসহ র‍্যাট মেশটি বের করে আনুন ।
- ওয়াশ লিডটি খুলুন এবং যন্ত্রাংশগুলো বের করুন।
- কনভেক্স প্লাস্টিক কিউবসহ প্যাকেজের ভেতর রাখা সব জিনিস বের করে আনুন।

**ওয়াশিং মেশিন সমন্বয়করণ:**


- মেশিনের সামনের পায়া নিয়ন্ত্রণযোগ্য (Adjustable)। সামনের দিকটি সামান্য ওপরে তুলুন এবং ঘুরিয়ে ঘুরিয়ে পায়াগুলো ঠিক করে মেশিনটি সঠিক ও সমতলভাবে বসান।
- এরপর পায়ার নাটগুলো লক করে দিন (যদি পায়ার নাট থাকে)।
- চিত্রে প্রদর্শিত নিয়মে মেশিনটি আনুভূমিক (Horizontal) আছে কি না নিশ্চিত করুন।

# ড্রেন হোস ব্যবহার

## ড্রেন হোসের নির্দেশনা পরিবর্তন:

| | | |
|---|---|---|
| ড্রেন হোস জয়েন্টের স্থায়ী স্ক্রু আলগা করুন।  | ড্রেন হোসটি খোলার দিক থেকে অন্য দিকে বের করে দিন।  | ড্রেন হোসের স্ক্রু লাগান।  |

## ড্রেনের বর্ধিতকরণ (ডাউন ড্রেন):

| ড্রেন হোস বাড়ানো | উচ্চতা বাড়ানো | দৈর্ঘ্য বাড়ানো |   |
|---|---|---|---|
| কেন্দ্রে ধাপ | ৬ সে.মি. নিচে | ১ মিটারের নিচে | |
| কেন্দ্রে কোনো ধাপ নেই | - | ১ মিটারের নিচে | |


## সঠিক ওয়াটার ইনলেটঃ




শুধু পানির কলের সার্কুলার ক্রস সেকশনের ওপর অ্যাডাপ্টার ব্যবহার করুন।

পানির কলের মুখ মসৃণ হওয়া বাঞ্ছনীয়।
এর ফ্রন্ট লেনথ ১০ মিলিমিটারের বেশি হতে পারবে না

উপবৃত্তাকার বা ষড়ভুজ আকৃতির এ ধরনের কলের মুখ ব্যবহার করা যাবে না।



## পানির কলের সঙ্গে অ্যাডাপ্টারের সংযোগঃ


**ফোসেট (নল) সম্পর্কে**

**ফোসেট সংযোগঃ**

চিত্রে প্রদর্শিত উপায়ে রাবার রিং সিলটি স্থাপন করুন।





ইনলেট হোসটির অপর প্রান্তে রাবার গ্যাসকেটের উপর নাটটি রাখুন। চিত্রে নির্দেশিত উপায়ে ইনলেট হোসটি সেট করুন এবং এগুলোকে একসঙ্গে লাগিয়ে দিন।




**নোটঃ**

- ইনলেট হোস মোচড়াবেন না।
- যদি লিক হয়ে পানি বের হয়, তাহলে রাবার রিং সিল করা নাটটি পরীক্ষা করুন।



## ওয়াশিং মেশিনে ইনলেট ওয়াটার পাইপ সংযোগঃ

১. ওয়াটার প্রুফ রিংটি বিচ্ছিন্ন করবেন না। ওয়াশের আগে রিংটি ড্যামেজ হয়েছে কি না, পরীক্ষা করে নিন।

২. ওয়াটার ভাল্ব পাইপ নাট দিয়ে আটকে দিন।


৩. নাটটি সঠিকভাবে লাগান।




## অ্যাডাপ্টারের সঙ্গে ইনলেট ওয়াটার পাইপ সংযোগঃ

১. স্লাইডারটিকে নিচের দিকে চাপুন এবং অ্যাডাপ্টারের মধ্যে পাইপটি ঢুকান।

২. লকিং লুভারকে কানেক্টরের সাথে আঁটকান এবং স্লাইডারটি ছেড়ে দিন যতক্ষণ না শব্দ শোনা যায়।





## ওয়াটার ইনলেট পাইপ এবং পানির কল পরীক্ষাঃ

১. পাইপটি শক্তভাবে লেগেছে কি না সহজভাবে টেনে পরীক্ষা করুন।

২. কলটি খুলে কোনো লিক আছে কি না পরীক্ষা করুন।


৩. প্রতিবার ওয়াশের পূর্বে নিশ্চিত করুন পাইপটি কলের এবং ওয়াশিং মেশিনে সঠিকভাবে সংযুক্ত আছে।




## ইনলেট ওয়াটার পাইপ বিচ্ছিন্নকরণঃ

১. পানির কল বন্ধ করুন।

২. লকিং লিভারটি ধরুন এবং স্লাইডারকে নিচের দিকে চেপে পাইপটি নিচে নামান।



# কন্ট্রোল প্যানেল এবং ফিচার




## ১। Water Level বাটন

পানির লেভেল নির্বাচন করতে ব্যবহৃত হয়। ওয়াশ এবং রিঞ্জের ক্ষেত্রে আলাদা আলাদা পানির লেভেল আছে। স্পিনের ক্ষেত্রে পানির লেভেল নির্বাচন করা যায় না।

## ২। Speed বাটন

সিলেক্টকৃত প্রোগ্রাম অনুসারে মেশিন নিজে থেকেই ডিহাইড্রেশন রেভ্যুলেশন প্রদর্শন করবে। প্রয়োজন অনুসারে হাই, মিডিয়াম এবং লো মোড থেকে ডিহাইড্রেশন স্পিড অ্যাডজাস্ট করতে SPEED বাটন প্রেস করুন। কাপড়ের ধরনের উপর নির্ভর করে যথাযথ ডিহাইড্রেশন রেভ্যুলেশন বেছে নিন। স্বতন্ত্র প্রোগ্রাম ব্যবহারের ক্ষেত্রে ডিহাইড্রেশন রেভ্যুলেশন মাত্রা সীমিত।

## ৩। ডিসপ্লেতে প্রদর্শিত সংকেতসমূহ

- ডিসপ্লেতে Rem. Time এই সংকেত দ্বারা ওয়াশিং শেষ হওয়ার অবশিষ্ট সময় জানা যায়।
  উদাহরণস্বরূপ: Remaining time is 20 minutes 20
- ফাংশন সেট করার সময় ডিজিটাল ডিসপ্লে সময় নির্দেশ করে। উদাহরণস্বরূপ:
  Twice Water Saver Rinsed 2
- এই সংকেত দ্বারা পানির লেভেল জানা যায়। উদাহরণস্বরূপ: Water level is 30L 30
- Preset চলাকালীন ধোয়া কখন শেষ হবে ডিসপ্লেতে তা প্রদর্শিত হয়। উদাহরণস্বরূপ:
  Finish washing 2 hours later 2
- অস্বাভাবিক কিছু হলে ইন্ডিকেটর সতর্কবার্তা দিবে। যেমন:
  Water does not flow E1

## ৪। START/PAUSE বাটন

- এই বাটন দ্বারা ধোয়ার প্রক্রিয়া শুরু করা যাবে।
- এই বাটন দ্বারা মেশিন সাময়িকভাবে বন্ধ করা যাবে। মেশিন পুনরায় চালু করতে এই বাটন চাপুন।

**বিঃ দ্রঃ**

- এটি cancel বাটন নয়।
- প্রক্রিয়া শেষে buzzer বন্ধ করতে START/PAUSE বাটন ৩ সেকেন্ড চেপে রাখুন।

**৫। Dirt Level বাটন**

এই বাটন ব্যবহার হয় ময়লার উপর নির্ভর করে পানির চাপ নির্বাচন করতে। প্রোগ্রাম সেট করে Dirt Level ঠিক করুন। ওয়াশ ও রিঞ্জ করার সময় ম্যানুয়ালি Dirt Level ঠিক করুন। ম্যানুয়াল অ্যাডজাস্টমেন্ট Handwash, Wool, Blanket, Spin ও Quick Wash প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

**৬। Program বাটন**

প্রোগ্রাম নির্বাচন করতে এই বাটন ব্যবহার করুন। প্রেস করে কাঙ্ক্ষিত প্রোগ্রামটি বেছে নিন। প্রোগ্রাম সংশ্লিষ্ট বাতি জ্বলে উঠবে।

**৭। Delay বাটন**

এই বাটন দ্বারা প্রোগ্রাম কখন শেষ হবে সেটা ঠিক করুন।

**৮। POWER ON/OFF বাটন**

মেশিন চালু করতে POWER ON/OFF বাটন চাপুন। বন্ধ করতে আবার POWER ON/OFF বাটন চাপুন।

ধোয়ার প্রক্রিয়া শেষ হওয়ার পর ৫ সেকেন্ডের মধ্যে মেশিন স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে যদি ড্রেইনিং ফাংশন চালু করা না থাকে।

**বিঃ দ্রঃ**

- ধোয়ার প্রক্রিয়া পরিবর্তন করতে চাইলে এই বাটন দ্বারা মেশিন বন্ধ করে আবার চালু করতে পারবেন।
- মেশিন চালু করে ধোয়ার প্রক্রিয়া শুরু না করলে মেশিন নিজে থেকেই ১০ মিনিট পর বন্ধ হয়ে যাবে।

**৯। FUNCTION এবং PROCESS বাটন**

FUNCTION ও SET বাটন দ্বারা WASH time (ধোয়ার সময়), RINSE times (রিঞ্জ সংখ্যা) এবং SPIN time (ঘূর্ণন সংখ্যা) নির্বাচন করা যায়।

# কন্ট্রোল প্যানেল এবং ফিচার

| SN | Program | Default Parameters | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | Soak / min | Wash / min | Rinse / Times | Spin / min | Speed | Soil level |
| 1 | Normal | 0 (20→30→40 →0→10 repeat) | 10 (11→..→19→20→0→1 →2→..→9→10 repeat) | 2 (2.→3→3.→4→4.→ 0→1→1.→2 repeat) | 5 (7→8→9→0→..5 →6 repeat) | Strong (Strong→Medium→ Delicate→Peak repeat) | Normal (Slight→Extreme→Heavy→N ormal repeat) |
| 2 | Custom | 0 (20→30→40 →0→10 repeat) | 10 (11→..→19→20→0→1 →2→..→9→10 repeat) | 2* (2.→3→3.→4→4.→0 →1→1.→2 repeat) | 5 (7→8→9→0→..5 →6 repeat) | Strong (Strong→Medium→ Delicate→Peak repeat) | Normal (Slight→Extreme→Heavy→N ormal repeat) |
| 3 | Strong | 0 (20→30→40 →0→10 repeat) | 12 (13→..→19→20→0→1 →2→..→11→12 repeat) | 2. (3→3.→4→4.→0→1 →1.→2→2. repeat) | 8 (9→0→1→2→3 →4→..→8 repeat) | Peak(Strong→Medium→ Peak repeat) | Extreme (Heavy→Normal→Extreme repeat) |
| 4 | Quick | × | 5 (6→..→14→15→0→1→ 2→3→4→5 repeat) | 1 (1.→2→2.→3→3.→0 →1 repeat) | 3 (4→5→0→1→2 →3repeat) | Peak(Strong→Medium→ Peak repeat) | Extreme |
| 5 | Handwash | 0 (20→30→40 →0→10 repeat) | 6 (7→..→19→20→0→1→ 2→..→5→6 repeat) | 2 (2.→3→3.→4→4.→0 →1→1.→2 repeat) | 5 (7→0→..5 →6 repeat) | Strong (Medium→Delicate→Str ong repeat) | Slight |
| 6 | Wool | × | 6 (7→8→..→14→15→0→ 1→2→..→5→6repeat) | 2 (2.→3→3.→4→4.→0 →1→1.→2 repeat) | 2 (3→4→5→0→1 →2 repeat) | Medium (Delicate→Medium repeat) | Slight |
| 7 | Blanket | 0 (20→30→40 →0→10 repeat) | 12 (13→14→..→20→0→1 →..→11→12repeat) | 2 (2.→3→3.→4→4.→0 →1→1.→2 repeat) | 8 (9→0→1→2→3 →4→..→8 repeat) | Strong (Strong→Medium→ Delicate→Peak repeat) | Normal |
| 8 | Spin | × | × | × | 5 (7→8→9→0→..5 →6 repeat) | Strong (Strong→Medium→ Delicate→Peak repeat) | × |
| 9 | Tub clean | × | 85 | Water inlet 1 time | 3 | Strong | Normal |
| 10 | Tub dry | × | × | × | × | Strong | × |

## অন্যান্য ফাংশন:

## সাধারণ ব্যবহার

১। প্রস্তুতি

• ড্রেনেজ লাইনটি সংযোগ দিন। পানির লাইন কলের সাথে সংযোগ দিয়ে কল ছেড়ে দিন। পাওয়ার লাইনটি সকেটে লাগিয়ে মেশিনে কাপড় দিন।

২। POWER ON/OFF বাটন চাপুন।

৩। START/PAUSE বাটন চাপুন।

- সেন্সর স্বয়ংক্রিয়ভাবে কাপড়ের ওজন নির্ণয় করবে। (NORMAL/QUICK/HEAVY DUTY এর জন্য)
- পানির চাপ, লেভেল, ওয়াশ/স্পিন/রিঞ্জ সময় স্বয়ংক্রিয়ভাবে নির্বাচন হবে।

৪। প্রয়োজনীয় পরিমাণ ডিটারজেন্ট দিন।

- অতিরিক্ত ডিটারজেন্ট ব্যবহারে ভালোভাবে রিঞ্জ হয়না এবং অল্প ডিটারজেন্টে ভালোভাবে ধোয়া হয় না।

৫। মেশিনের ঢাকনা বন্ধ করুন।

- ঢাকনা বন্ধ না থাকলে ওয়াশার অ্যালার্ম দিবে মেশিন চালু হবে না।

**DELAY**

১। ফসেট অন করে মেশিনে কাপড় দিন। ড্রেইন হোসটি লাগিয়েছেন কি না নিশ্চিত হোন।

২। POWER ON/OFF বাটন চাপুন।

৩। আপনার কাঙ্ক্ষিত FUNCTION, PROGRAM এবং WATER LEVEL নির্বাচন করুন।

৪। Delay বাটন প্রেস করে চক্র প্রোগ্রাম শেষ হওয়ার সময় সেট করুন।

DELAY সংকেত: 6 → 7 → 8 → ....24 → 0 → 1 ......5 hours

৫। মেশিনে ডিটারজেন্ট দিয়ে ঢাকনা বন্ধ করে দিন।

- এক মিনিটের মধ্যে DELAY ফাংশন ব্যতীত সকল লাইট নিভে যাবে। Child Lock ফাংশন চালু থাকলে এই সময় সঙ্কেত দেখাবে।
- এই ফাংশন নির্বাচন করতে POWER ON/OFF বাটন ছাড়া অন্য কোনো বাটন চাপুন।
- সংযোগ বন্ধ করে দিলে এই ফাংশন বাতিল হয়ে যাবে। পুনরায় চালু করতে সংযোগ দিয়ে আবার ফাংশনটি নির্বাচন করুন।

৬। START/PAUSE বাটন চাপুন।

**BLANKET Program**


কম্বল ও এ জাতীয় কাপড় ধোয়ার জন্য এই ফাংশন ব্যবহার করুন। এই ফাংশন স্বয়ংক্রিয়ভাবে পানির লেভেল নির্বাচন করে কিন্তু কাপড়ের পরিমাণ অনুযায়ী আপনি সেটা নিজে ঠিক করতে পারবেন।

১। POWER ON/OFF বাটন চেপে মেশিনের ঢাকনা খুলুন।

২। PROGRAM বাটন চাপতে থাকুন যতক্ষণ না BLANKET প্রোগ্রামের সঙ্কেত জ্বলে উঠে।

৩। হালকা গরম পানিতে পরিমাণমতো ডিটারজেন্ট মিশিয়ে মেশিনের টাবে ঢেলে দিন।

৪। নিচের ছবির মতো কম্বল ভাজ করে ধোয়ার টাবে দিয়ে দিন।




১. লম্বা পাশ থেকে দুই ভাঁজ দিন
২. একই দিকে চার ভাঁজ দিন
৩. কম্বলটি রোল করুন
৪. খাঁড়াভাবে মেশিনের টাবে দিন

৫। ঢাকনা বন্ধ করে দিন।

৬। START/PAUSE বাটন চেপে ধোয়ার প্রক্রিয়া শুরু করুন।

৭। প্রোগ্রাম শেষে buzzer বেজে উঠে আপনাকে জানাবে যে প্রোগ্রাম সফলভাবে শেষ হয়েছে।

৮। পানির কল বন্ধ করে পাওয়ার প্লাগ খুলে ফেলুন।

৯। কম্বল ধোয়ার পর লিন্ট ফিল্টার ধুয়ে ফেলা উচিত।

**বি. দ্র.** ধোয়ার সময় কম্বল ভেসে উঠলে START/PAUSE বাটন চেপে মেশিন সাময়িকভাবে বন্ধ করুন। এরপর কম্বল নিচের দিক চাপ দিয়ে START/PAUSE বাটন চাপুন।

## WOOL

- উল, ফাইবারের মতো কাপড় ধোয়ার সময় কাপড়ে থাকা কেয়ার লেবেল দেখে নিন।
- এই প্রোগ্রামে পানির লেভেল স্বয়ংক্রিয়ভাবে ৬-এ থাকে। কিন্তু কাপড়ের পরিমাণ অনুযায়ী লেভেল ৩ থেকে ৮ নির্বাচন করা যাবে।

### অপারেশন প্রক্রিয়া

১. মেশিনের ঢাকনা খুলে POWER বাটন চাপুন।

২. PROGRAM বাটন চাপতে থাকুন যতক্ষণ না WOOL প্রোগ্রামের সঙ্কেত জ্বলে উঠে।

৩. লিকুইড ডিটারজেন্ট ৫ লিটার গরম পানিতে (আনুমানিক ৩০ ডিগ্রি সেলসিয়াস) দিয়ে মেশিনে ঢালুন। পাউডার ডিটারজেন্ট হলে কাপড়ে ধীরে ধীরে ঢালুন।

৪. উলের কাপড় ওয়াশিং মেশিনে দিন।

৫. START/PAUSE বাটন প্রেস করুন। ওয়াটার লেভেল অ্যাডজাস্ট করুন।

৬. মেশিনের ঢাকনা বন্ধ করে দিন।

- ঢাকনা বন্ধ না হয়ে থাকলে মেশিন স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।
- ধোয়া শেষে অ্যালার্ম বেজে উঠে ৫ সেকেন্ডের মধ্যে মেশিন বন্ধ হয়ে যাবে।
- এরপর ট্যাপ বন্ধ করে ফিল্টারটি পরিষ্কার করে ফেলুন।

**বি. দ্র.**

- এই প্রোগ্রামে ১.৫ কেজির নিচে কাপড় দিতে হবে।
- ধোয়ার পর কাপড় বের করে এনে বাহিরে শুকিয়ে নিন। দীর্ঘ সময় রেখে দিলে কাপড়ের ক্ষতি হতে পারে।
- এই প্রোগ্রামে Delay Timer ফাংশন কাজ করে না।
- পানির তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কম থাকা উচিত।
- সাদা এবং রঙিন কাপড় আলাদা ধুতে হবে।
- বিশেষ ডিটারজেন্টে ধোয়ার প্রক্রিয়া আরও ভালো হবে এবং কাপড়ের ক্ষতি কম হবে।

### CHILD LOCK Function

দুর্ঘটনাবশত কোনো ফাংশন চালু হওয়া রোধে এই ফাংশন ব্যবহার করা হয়।

POWER ON/OFF বাটন চেপে মেশিন চালু করুন। এরপর PROGRAM বাটন ৩ সেকেন্ড চেপে ধরুন তাহলে একটি শব্দ শুনতে পাবেন যার অর্থ চাইল্ড লক অ্যাক্টিভেট হয়েছে। একইভাবে এই ফাংশনটি বন্ধ করুন।

## Buzzer

পাওয়ার অন করতে POWER ON/OFF বাটন প্রেস করুন। এবার START/PAUSE বাটন প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখুন। একটি শব্দ শুরু হবে। বন্ধ করতে একই পদ্ধতি অনুসরণ করুন।

### REMEMBER Function

NORMAL, CUSTOM বা STRONG ফাংশনে থাকলে চালুর ৩০ সেকেন্ড পর মেশিন নির্বাচিত প্রোগ্রামটি মেমরিতে স্টোর করে রাখে এবং পরবর্তীতে উক্ত প্রোগ্রাম দিয়েই ওয়াশিং শুরু করে।

### TWO CLEAN STEPS Function

ওয়াটার লেভেল ২-এ আসার পূর্বেই ওয়াশার ঘুরতে শুরু করে। ফলে অধিক ঘন ডিটারজেন্ট পানির সাথে ভালোভাবে মিশে যায়।

- এই ফাংশন ওয়াটার লেভেল ১, ২ এবং WOOL, BLANKET, QUICK ও SPIN প্রোগ্রামের জন্য প্রযোজ্য নয়।
- SOAK প্রোগ্রামে এই ফাংশনের কোনোরকম প্রভাব পরে না।

### মেশিনে থাকা পানি কিভাবে ড্রেইন করবেন

প্রক্রিয়া শেষে buzzer শুনবেন। মেশিন স্বয়ংক্রিয়ভাবে ড্রেনেজ অবস্থায় চলে যাবে। অবশিষ্ট পানি বের হয়ে গেলে মেশিনটি বন্ধ হয়ে যাবে।

### NO TROUBLE CONDITIONS

১. ওয়াশ বা রিঞ্জের সময় পানি আসা। এটি একটি স্বয়ংক্রিয় পদ্ধতি যা পানির লেভেল কমলে সেটা ঠিক করে।

২. স্পিনিং (ঘূর্ণন) এর শুরুতে টাব ঘুরে আবার বন্ধ হয়। অধিকতর ভালো স্পিন ইফেক্টের জন্য এটি স্বাভবিক।

৩. ঘূর্ণনের সময় পানি আসা বা রিঞ্জ হওয়া এটি একটি স্বয়ংক্রিয় পদ্ধতি।

৪. স্পিনিং এর পর পানি প্রবাহের যে শব্দ হয় তা মূলত ব্যালান্স রিঞ্জে ব্যালান্স লিকুইড আসার শব্দ। স্পিনিং এর সময় সৃষ্ট কম্পন হ্রাস করে এটি।

৫. মেশিন বন্ধের পর কন্ট্রোল প্যানেল গরম হয়ে থাকা। ভিতরের সার্কিট কাজ করলে এমন হতে পারে।

৬. প্রক্রিয়ার মধ্যে পাওয়ার চলে গেলেও আসার পর মেশিন চালু না হওয়া। প্রোগ্রাম আবার নির্বাচন করতে হবে।

## রক্ষণাবেক্ষণ

**প্রোগ্রাম সমাপ্তি:**
আপনি যে প্রোগ্রাম সেট করেছেন তা শেষ হয়ে গেলে মেশিনটি স্বয়ংক্রিয়ভাবে একটি ‘বাজ’ শব্দ করবে।

**শেল রক্ষণাবেক্ষণ:**
প্রতিবার ব্যবহারের পরে মেশিনটি নরম শুকনো কাপড় দিয়ে মুছে ফেলুন। এটি পরিষ্কারের জন্য সোডা বা ব্লিচের মতো কোনো পরিষ্কারক ব্যবহার করা থেকে বিরত থাকুন।



**ম্যাজিক ফিল্টার পরিষ্কারকরণ:**
ওয়াশের পূর্বে অবশ্যই ম্যাজিক ফিল্টার সেট করে নিন। প্রতিবার ব্যবহারের পরে চিত্রে প্রদর্শিত উপায়ে ম্যাজিক ফিল্টারটি পরিষ্কার করে নিন।



**ইনলেট মাউস পরিষ্কারকরণ:**
যদি ইনলেট ফিল্টার ব্লক হয়ে যায়, অনুগ্রহপূর্বক তা পরিষ্কার করে নিন।




### প্রতি ৫ বার ওয়াশের পর লিন্ট ফিল্টার পরিষ্কার:


১. চিত্রে তির চিহ্নিত নির্দেশনা অনুযায়ী লিন্ট ফিল্টারটি টানুন।

২. লিন্ট ফিল্টারটি খুলুন এবং ধীরে এটি পুরোটাই পরিষ্কার করে পুনরায় বন্ধ করে দিন।


৩. পুনরায় ফিল্টারটি চিত্রে তির চিহ্নিত নির্দেশনা অনুযায়ী ইনস্টল করুন।



### ওয়াটার ইনলেট ফিল্টার পরিষ্কারকরণ:




- নির্দিষ্ট সময় পর ওয়াটার ইনলেট ফিল্টার পরিষ্কার করুন।
- ওয়াল সকেট থেকে পাওয়ার প্লাগ খুলে ফেলুন।
- ওয়াটার টেপ বন্ধ করুন।
- ইনলেট হোসটি আলাদা করুন এবং জালি ফিল্টার খুলে ফেলুন।
- পুরোনো টুথব্রাশ দিয়ে ফিল্টারটি পরিষ্কার করে আবার সেট করুন।



# ট্রাবলশ্যুটিং

| সমস্যা | সংকেত | কোথায় চেক করবেন |
|---|---|---|
| মেশিন চালু না হওয়া | | ● POWER ON/OFF বাটন চাপুন<br>● START/PAUSE বাটন চাপুন<br>● PRESET বাটন চাপুন<br>● দেখুন বিদ্যুৎ সংযোগ আছে কি না<br>● দেখুন ফিউস বা সার্কিট চালু আছে কি না |
| ওয়াশ টাবে পানি না আসা | E1 | ● পানির ট্যাপ খুলে দিন<br>● পানির প্রবাহ বন্ধ কিনা দেখে নিন<br>● পানি আসার লাইনের ফিল্টার বন্ধ হয়ে আছে কি না  দেখে নিন<br>● মেশিনে পানি ঠান্ডা হয়ে আছে কি না দেখে নিন<br>● পানির চাপ কম কি না দেখে নিন |
| পানি বের না হওয়া | E2 | ● ড্রেন পাইপ হুক থেকে খুলে ফেলুন<br>● ড্রেন পাইপ বন্ধ হয়ে আছে কি না দেখে নিন<br>● ড্রেন পাইপ বেশি উপরে কি না দেখে নিন |
| ওয়াশার না ঘুরা | E3 | ● দেখে নিন কাপড় টাবের এক পাশে পরে আছে কিনা<br>● মেশিনটি সমতল ভুমিতে আছে কি না দেখে নিন |
| | E4 | ● ওয়াশার ঢাকনা বন্ধ করুন |
| অন্যান্য সমস্যা | EA EC | ● POWER ON/OFF বাটন চেপে সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। |

# ডিটারজেন্ট এবং পানির পরিমাণ

| কাপড়ের ওজন | পানির পরিমাণ | লিকুইড ডিটারজেন্ট | পাউডার ডিটারজেন্ট |
|---|---|---|---|
| >৬ কেজি | হাই | ১১০ মিলি | ১১০ গ্রাম |
| ৪-৬ কেজি | মিডিয়াম | ৯০ মিলি | ৯০ গ্রাম |
| ২-৪ কেজি | লো | ৭০ মিলি | ৭০ গ্রাম |
| ০-২ কেজি | মিনিমাম | ৫০ মিলি | ৫০ গ্রাম |

**নোট:** লিকুইড এবং পাউডার ডিটারজেন্টের পরিমাণ উল্লেখ করা হলো। যদি আপনি অন্য কোনো ডিটারজেন্ট ব্যবহার করেন, তাহলে অবশ্যই উল্লিখিত পানি ও ডিটারজেন্টে সমন্বয় খেয়াল করুন।

## স্পেসিফিকেশন

| | |
|---|---|
| মডেল | WWM-TWI80 |
| পাওয়ার | ২২০ ভোল্ট /৫০ হার্জ |
| ওয়াশ/স্পিন ক্যাপাসিটি | ৮ কেজি |
| ওয়াশ মোটর | ১৫০ ওয়াট ( ইনভার্টার) |
| ইনলেট ওয়াটার প্রেশার | ০.০৩-০.৮৫ মেগা প্যাসকেল |
| পাওয়ার খরচ | ৩৩০ ওয়াট (ওয়াশ/স্পিন) |
| ডাইমেনশন | ৫৪০X৫৫৬X৯৩০ মিমি ; ৬০০X৬২০X৯৯০ মিমি |
| বাইরের টাব | পিসিএম |
| সর্বোচ্চ ওয়াটার লেভেল | ৬২.৭লিটার |
| ওজন | ৩৪ কেজি/ ৩৮ কেজি |
| শব্দ | ওয়াশ- <৫৮ ডেসিবেল, স্পিন -<৬৮ ডেসিবেল |

## সেফটি অ্যালার্ম

- পাওয়ার কর্ড সংযোগ দেওয়ার আগে নিশ্চিত হয়ে নিন, আপনার বৈদ্যুতিক সংযোগে সঠিকভাবে আর্থিং করা আছে কি না।
- ওয়াশিং মেশিনটি অবশ্যই আর্থ করা থাকতে হবে।
- আলাদা তার ব্যবহার করবেন না। বিশেষ মানসম্পন্ন সকেট ব্যবহার করুন।

# ওয়ারেন্টির শর্তসমূহ

- ওয়ারেন্টি কার্ড ও প্রোডাক্টের সিরিয়াল নম্বর ভিন্ন হলে, প্রোডাক্টের সিরিয়াল নম্বর ইচ্ছাকৃতভাবে নষ্ট করে ফেললে/বিকৃত করা হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- গ্রাহকের পণ্যটি কোনো রকম ট্যাপ খাওয়া, স্ক্র্যাচ, এসি কর্ড/সকেট পুড়ে গেলে রিপ্লেসমেন্ট দেওয়া হবে না। সেক্ষেত্রে সার্ভিসের নীতিমালা অনুযায়ী সার্ভিস দেওয়া হবে।
- প্রাকৃতিক দুর্যোগ (বন্যা, ভূমিকম্প, বজ্রপাত ইত্যাদি), ইলেকট্রিক ক্রুটি, অননুমোদিত ব্যক্তি দ্বারা মেরামত করা হলে, অবহেলা/দুর্ঘটনাবশত বাহ্যিক ক্ষতি সাধিত হলে এবং লিকুইড ড্যামেজ হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- এই ওয়ারেন্টি কার্ডটি শুধুমাত্র উৎপাদনগত ক্রুটি এবং যদি এটি ওয়াশিং মেশিনের ব্যবহারবিধি অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা হয় তবেই প্রযোজ্য। পণ্য ক্রয়ের তারিখ হতে ওয়ারেন্টি কার্যকর করা হবে।
- এই ওয়াশিং মেশিনটি গৃহস্থালি কাজের জন্য। বাণিজ্যিক ব্যবহারে (বার্ষিক ২২০ সাইকেলের বেশি) সব ধরনের ওয়ারেন্টি বাতিল হবে। ওয়াশিং মেশিনটি গৃহস্থালি ব্যতীত অন্য কোথাও (পাবলিক টয়লেট, লজিং হাউজ, ডরমিটরি, লন্ড্রি শপ, হাসপাতাল ইত্যাদি) ইনস্টল করা হলে এর রিপেয়ার কাজ বা ক্রুটিপূর্ণ যন্ত্রাংশ পরিবর্তনের জন্য প্রয়োজনীয় পরিবহণ খরচ ক্রেতা নিজে বহন করবেন।
- সৌন্দর্যবর্ধক প্লাস্টিক/ কাচের তৈরি/ পাইপিং/ কনজিউমএবল এমন যন্ত্রাংশ বা উপকরণ ওয়ারেন্টির আওতামুক্ত।
- কিছু প্রোডাক্টের ক্ষেত্রে নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কারকরণ জরুরি। ওয়ারেন্টির আওতাভুক্ত না হলে কিছু রক্ষণাবেক্ষণ ( ইউজার ম্যানুয়াল অনুসারে ) সংক্রান্ত কাজ মূল্য পরিশোধ সাপেক্ষ।
- ইঁদুর, পিঁপড়া, তেলাপোকা অথবা অন্যান্য প্রাণী বা কীটপতঙ্গের দ্বারা সৃষ্ট ক্ষতির ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।
- গৃহস্থালির ওয়্যারিং জনিত ঘটনা ইঁদুর দ্বারা ওয়্যারিং হারনেস কেটে ফেলা, মেশিনে কয়েন বা বাইরের কোনো কিছুর উপস্থিতি, ময়লা-আবর্জনা দ্বারা আটকে যাওয়া এ জাতীয় সমস্যা থেকে সৃষ্ট ক্ষতির ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।

# ওয়ালটন

ওয়ারেন্টি কার্ড

## ওয়ারেন্টি কাঠামো

| মেইন পার্টস (মোটরস) | স্পেয়ার পার্টস | বিক্রয় পরবর্তী সেবা |
|---|---|---|
| ৫ বছর | ১ বছর | ২ বছর (১ বছর ফ্রি হোম সার্ভিস) |

গ্রাহকের নাম :..........................................................................................

ঠিকানা :..........................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর :.......................................................... ই-মেইল:.......................................

বিক্রয়ের তারিখ

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

বারকোড নম্বর

পরিবেশক/বিক্রেতা :

............................................
ক্রেতার স্বাক্ষর

............................................
পরিবেশক/বিক্রেতার সিল এবং স্বাক্ষর

রিপ্লেসমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য

রিপ্লেসমেন্টের তারিখ

দ্রষ্টব্য: অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে। এই ওয়ারেন্টি দুর্ঘটনা, বৈদ্যুতিক ত্রুটি, প্রাকৃতিক দুর্যোগ বা অবহেলার কারণে কোনো ক্ষতির জন্য প্রযোজ্য হবে না এবং কর্তৃপক্ষ কোনো নোটিশ ছাড়াই ওয়ারেন্টির মেয়াদ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিল করার ক্ষমতা রাখেন। এই ওয়াশিং মেশিনটি গৃহস্থালি কাজের জন্য। বাণিজ্যিক ব্যবহারে (বার্ষিক ২২০ সাইকেলের বেশি) সব ধরনের ওয়ারেন্টি বাতিল হবে।

- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

অফিস কপি

গ্রাহকের নাম :..........................................................................................

ঠিকানা :..........................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর :.......................................................... বিক্রয়ের তারিখ:.......................................

রিপ্লেসমেন্টের তারিখ :.......................................................... রিপ্লেসমেন্টকৃত প্রোডাক্ট বারকোড নম্বর

সকলের জন্য উন্নত বিক্রয়োত্তর গ্রাহকসেবা নিশ্চিত করার লক্ষ্যে
ঠিকানা ও অন্যান্য তথ্য পরিবর্তন হতে পারে।

**কাস্টমার সার্ভিস ম্যানেজমেন্ট (কর্পোরেট অফিস)**

প্লট-১০৮৮, ব্লক-আই, সাবরিনা সোবহান ৫ম এভিনিউ, বসুন্ধরা, ভাটারা, ঢাকা-১২২৯

যেকোনো সার্ভিস/তথ্যের জন্য যোগাযোগ করুন: হেল্পলাইন-১৬২৬৭, ০৯৬১২৩১৬২৬৭ (চার্জ প্রযোজ্য)
০৮০০০০১৬২৬৭ (টোল ফ্রি), সকাল ৭টা থেকে রাত ১১টা পর্যন্ত, ই-মেইল: support@waltonbd.com